

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৭৯) শারীরিকভাবে প্রতিবন্ধী ব্যক্তি কীভাবে ইহরাম করবে?

উত্তর: কোনো মানুষ যদি ইহরামের কাপড় পরিধান করতে সক্ষম না হয়, তবে যে ধরনের কাপড় পরতে সক্ষম হবে তাই পরিধান করবে। তখন বিদ্বানদের মতেঃ

- ক) তাকে ফিদইয়া হিসেবে একটি দম প্রদান করে মক্কার ফকীরদের মাঝে বিতরণ করতে হবে।
- খ) অথবা ছয়জন মিসকীনকে খাদ্য প্রদান করতে হবে। প্রত্যেককে অর্ধ ছা' তথা সোয়া কেজি পরিমাণ খাদ্য দিবে।
- গ) অথবা তিনদিন সাওম পালন করবে।

রোগের কারণে মাথা মুণ্ডন করতে বাধ্য হলে যে বিধান প্রজোয্য হয়, তার ওপর কিয়াস করে বিদ্বানগণ উক্ত সমাধান দিয়েছেন। আল্লাহ তা'আলা বলেন,

﴿ فَمَن كَانَ مِنكُم مَّرِيضًا أَو ؟ بِهِ ؟ أَذُى مِّن رَّأَ ؟ سِهِ ؟ فَفِد ؟ يَه ؟ مِّن صِيَامٍ أَو ؟ صَدَقَةٍ أَو ؟ نُسُك ﴾ [البقرة: المجار]

"কোনো লোক যদি পীড়িত হয় বা তার মাথা যন্ত্রণাগ্রস্ত হয়, তবে সে সাওম কিংবা সাদকা অথবা কুরবানী দ্বারা তার বিনিময় (ফিদইয়া) আদায় করবে।" [সূরা আল-বাকারাহ, আয়াত: ১৯৬]

আর সাওম ও সাদকার বিষয়টি পূর্বে যা উল্লেখ করা হয়েছে সেভাবেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যাখ্যা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1153

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন